দৈনিক জনকণ্ঠ

তারিখ ... ... JAN. 12 2000..
পৃষ্ঠা ১২ কলাম ৩...

# ঢাকা মহানগরী ও ঢাবি ক্যাম্পাসে অপরাধ ॥ হাই কোর্টের রুল

**কোর্ট রিপোর্টার ॥** ঢাকা মহানগরী ও ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে সমাজবিরোধী, অপরাধমূলক

*(১১ পৃষ্ঠা ১-এর কঃ দেখুন)*

## ঢাকা মহানগরী ও ঢাবি

*(১২-এর পাতার পর)*

কর্মকাণ্ড নির্মূল ও আইনশৃঙ্খলা পরিস্থিতির উন্নতিতে আইনগত ব্যবস্থা গ্রহণের জন্য কেন নির্দেশ দেয়া হবে না এই মর্মে স্বরাষ্ট্রমন্ত্রণালয় ও পুলিশের ওপর রুলনিশি জারি করা হয়েছে।

মঙ্গলবার বিচারপতি কেএম হাসান ও বিচারপতি খাদেমুল ইসলাম চৌধুরী সমন্বয়ে গঠিত হাই কোর্ট ডিভিশন বেঞ্চ এই আদেশ প্রদান করে। হাই কোর্ট আদেশে গত ৩১ ডিসেম্বর রাতে ও ১১ জানুয়ারি সকালে ক্যাম্পাস এলাকায় আইনশৃঙ্খলা রক্ষায় নিয়োজিত ব্যক্তিদের বিরুদ্ধে প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা কেন গ্রহণ করা হবে না এই মর্মে স্বরাষ্ট্র সচিব ও পুলিশকে কারণ দর্শানোর জন্য বলা হয়েছে। দু'দিনের এ সময়ে সংঘটিত অপরাধমূলক কর্মকাণ্ডের জন্য বিশ্ববিদ্যালয় ছাত্র বলে কথিত ও কিছু দুর্বৃত্তের বিরুদ্ধে কেন ব্যবস্থা গ্রহণের জন্য বলা হবে না তার কারণ দর্শানোর জন্যও বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে বলা হয়েছে।

বাংলাদেশ মহিলা আইনজীবী সমিতির পক্ষে এ্যাডভোকেট সালমা আলী জনস্বার্থে ও জাতীয় বিবেকের চেতনা জাগ্রত করার লক্ষ্যে হাই কোর্টে এই রিট মামলা দায়ের করেন বলে আবেদনে উল্লেখ করা হয়। আদালতে রিট আবেদন পেশ করেন বিশিষ্ট আইনবিদ ডঃ এম জহির। তিনি সম্প্রতি কলকাতায় হাওড়া রেলওয়ে স্টেশনে বাংলাদেশী এক মহিলা লাঞ্ছিত হওয়ার ঘটনায় কলকাতা হাই কোর্ট সেখানকার স্বরাষ্ট্র মন্ত্রণালয় ও পুলিশের ওপর কারণ দর্শানোর নির্দেশ দেয়ার নজির আদালতে উত্থাপন করেন।